দৈনিক সংবাদ

FEB. 1 4 2000

তারিখ ... ... ..FEB. 13 2000..
পৃষ্ঠা 1 কলাম 4......

# চাঁদপুরে শিক্ষানীতি ও শিক্ষা সংকট বিষয়ক সম্মেলন শুরু

চাঁদপুর থেকে নিজস্ব সংবাদদাতা ঃ সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট চাঁদপুর জেলা শাখার উদ্যোগে স্থানীয় আইনজীবী সমিতির পুরনো ভবনে গত ১১ই ফেব্রুয়ারি সকাল থেকে শিক্ষানীতি ও শিক্ষা সংকট বিষয়ে ৩ দিনব্যাপী এক শিক্ষা সম্মেলন শুরু হয়েছে। চাঁদপুর সরকারি কলেজের সহকারী অধ্যাপক জাকির হোসেন মজুমদার সম্মেলনের উদ্বোধন করেন। সংগঠনের আহ্বায়ক আজিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে 'শিক্ষার প্রাতিষ্ঠানিক আয়োজন এবং রাষ্ট্রের আর্থিক দায়িত্ব' শীর্ষক আলোচনা সভায় অংশ নেন ছাত্রফ্রন্ট কৃষি বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি আহসান হাবিব শামীম, বাসদের চট্টগ্রাম জেলা সমন্বয়ক রাজেকুজ্জামান রতন, বাকশিস জেলা শাখায় সম্পাদক অধ্যক্ষ শাফায়াৎ আহম্মেদ ভুঁইয়া, অধ্যাপক দুলাল দাস, এডভোকেট জারজিনা আক্তার প্রমুখ। এ সম্মেলনে 'একমুখী শিক্ষা ও বিদ্যমান বৈষম্য' 'শিক্ষাঙ্গনে দুর্নীতি ও সন্ত্রাস,' 'পরীক্ষা পদ্ধতি, শিক্ষা ব্যবস্থার ত্রুটি, নৈতিকতার সংকট ও নকল প্রবণতা এবং শিক্ষকের সামাজিক মর্যাদা, যোগ্যতা ও বেতন কাঠামো' বিষয়েও আলোচনা অনুষ্ঠিত হয়।